# বেনেটন গ্রুপ আচরণবিধি

বেনেটন গ্রুপ (Benetton Group)-এর অন্তর্ভুক্ত বেনেটন গ্রুপ এস. পি. এ. (Benetton Group S. p. A.) প্রত্যক্ষ ও পরোক্ষভাবে এর মালিকানাধীন সকল কোম্পানি মানবাধিকার পরিবেশের প্রতি সম্মান সমুন্নত রাখতে, এবং সেইসঙ্গে বস্ত্রশিল্প ও বয়নশিল্পে উৎপাদিত পণ্যসমূহের বিশ্ববাণিজ্য বৃদ্ধিতে কাজ করে যেতে অঙ্গীকারবদ্ধ, আমাদের বিশ্বাসমতে যেটা করা হবে অনুশীলন, সমতা ও পারস্পরিক সহযোগিতার ভিত্তিতে।

আমাদের লক্ষ্য হলো, সবচেয়ে প্রাসঙ্গিক বা যুগোপযোগী আন্তর্জাতিক আইন কাঠামোকে কাজে লাগানো। এ ব্যাপারে আমরা সবচেয়ে বেশি জোর দিতে চাই ব্যবসা ও মানবাধিকার বিষয়ে জুন ২০১১-তে জাতিসংঘের দেয়া দিকনির্দেশনা এবং অক্টোবর ২০১১-তে বাণিজ্যিক প্রতিষ্ঠানের সামাজিক দায়দায়িত্ব বিষয়ক নবায়িত কর্মপন্থার জন্যে ইউরোপীয় কমিশনের দেয়া ইস্তাহারের ওপর। এর মানে হলো, কর্মস্থলে নীতিমালা ও অধিকারসমূহের ব্যাপারে ১৯৯৮-এর আইএলও মূল সম্মেলন (ILO Core Conventions) ও আইএলও ঘোষণার সঙ্গে সম্পর্কিত সকল আইন ও সংবিধি সম্পূর্ণ অনুসরণ করা। এই আইএলও ঘোষণা হলো, পরিবেশ রক্ষা এবং একটি নিরাপদ ও স্বাস্থ্যকর পরিবেশের অধিকার আর সেইসঙ্গে স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক সংবিধিগুলোরও একটি আইনগত কাঠামো।

এই আচরণবিধি বা কোড অব কনডাক্ট সকল সরবরাহকারী ও ঠিকাদার তথা বেনেটন গ্রুপের সঙ্গে ব্যবসারত (এখন থেকে যাঁদেরকে 'বেনেটন গ্রুপ ব্যবসায়িক অংশীদার' বলে উল্লেখ করা হবে) সকলের জন্যে প্রযোজ্য, এবং আমরা চাই, বেনেটন গ্রুপ ব্যবসায়িক অংশীদাররা যেন এসব অঙ্গীকার বাস্তবায়নে পরস্পরের সহযোগিতা করেন, এবং সবাই এই আচরণবিধি মেনে চলেন, যাতে নিম্নোক্ত আন্তর্জাতিক শ্রম মানসমূহ, পরিবেশগত ব্যবস্থাদি, সরবরাহ শৃঙ্খল ব্যবস্থা ও বাধ্যবাধকতা অন্তর্ভুক্ত করা হয়েছে।

ক. আন্তর্জাতিক শ্রম মানসমূহ ও নিরাপদ কর্মস্থল

১) শিশুশ্রম

বেনেটন গ্রুপ ব্যবসায়িক অংশীদাররা ১৫ বা ১৪ বছরের কম বয়সী কোনো শিশুকে কাজে নিয়োগ করবেন না, এমনকি কোথাও জাতীয় আইনে এ-ধরনের নিয়োগের বিরুদ্ধে কোনো নিষেধাজ্ঞা না থাকলেও।

১৮ বছরের কম বয়সী শিশুদের নিয়োগের ক্ষেত্রে আইনগত যত সীমাবদ্ধতা রয়েছে, সেগুলো সব মেনে চলতে হবে। বিশেষ করে, এক্ষেত্রে বিপজ্জনক বা ঝুঁকিপূর্ণ কাজে নিয়োগের জন্যে নির্ধারিত ন্যূনতম বয়সের দিকটি অবশ্যই খেয়াল রাখতে হবে।

২) জোরপূর্বক শ্রম

বেনেটন গ্রুপ ব্যবসায়িক অংশীদাররা কাউকে জোর করে, বেআইনিভাবে, বা তার অনিচ্ছাসত্ত্বেও শ্রমদানে বাধ্য করতে পারবেন না।

জোরপূর্বক, বেআইনি ও অনিচ্ছাকৃত শ্রমের মধ্যে রয়েছে কারা শ্রম, চুক্তিবদ্ধ শ্রম প্রভৃতি।

UNITED COLORS OF BENETTON.

৩) অবৈষম্য

বেনেটন গ্রুপ ব্যবসায়িক অংশীদাররা কর্মচারী নিয়োগ, মজুরি নির্ধারণ, প্রশিক্ষণ, পদোন্নতি, পদচ্যুতি, অবসরগ্রহণ প্রভৃতি ক্ষেত্রে কোনো ধরনের বৈষম্য প্রদর্শন করতে পারবেন না।

এর আওতার মধ্যে রয়েছে জাত, ধর্ম, বর্ণ, ইউনিয়ন, সদস্যপদ, লিঙ্গ, গায়ের রং, যৌন অভ্যাস, রোগ বা অক্ষমতা, গর্ভাবস্থা, বয়স, রাজনৈতিক দল-মত, সামাজিক বা জাতিগোষ্ঠীগত পরিচয় প্রভৃতি সম্পর্কিত সবধরনের বৈষম্য।

৪) নির্যাতন ও হয়রানি

বেনেটন গ্রুপ ব্যবসায়িক অংশীদারদেরকে তাদের শ্রমিকদের সঙ্গে সম্মান ও মর্যাদাপূর্ণ আচরণ করতে হবে, এবং যেকোনো ধরনের প্রাতিষ্ঠানিক শাস্তি, সহিংসতার হুমকি বা অন্য কোনোরকম দৈহিক, যৌন, মনস্তাত্ত্বিক বা মৌখিক হয়রানি, গালাগালি, অপমান নিষিদ্ধ করে দিতে হবে।

বেনেটন গ্রুপ ব্যবসায়িক অংশীদারদের ব্যবস্থাপক এবং/অথবা তত্ত্বাবধায়করা অবশ্যই কখনো কারো ওপর শারীরিক বলপ্রয়োগ করতে বা করার হুমকি দিতে পারবেন না।

৫) সমিতি

বেনেটন গ্রুপ ব্যবসায়িক অংশীদাররা তাঁদের শ্রমিকদেরকে বৈধ ও শান্তিপূর্ণ উপায়ে সমিতি, সংগঠন, সম্মিলিত দরকষাকষি করার অনুমতি দেবেন।

সকল বেনেটন গ্রুপ ব্যবসায়িক অংশীদারের শ্রমিকদের সমিতি, কমিটি বা তাদের পছন্দমত অন্য যেকোনো সংগঠন করার বা তাতে যোগ দেয়ার এবং সম্মিলিতভাবে দরকষাকষি করার অধিকার থাকবে। বেনেটন গ্রুপ ব্যবসায়িক অংশীদারদের শ্রমিকরা যদি আইনানুগ ও শান্তিপূর্ণভাবে কোনো সংগঠন করে বা তাতে যোগ দেয়, সে-ক্ষেত্রে তাদের বিরুদ্ধে মালিক পক্ষের কোনো শৃঙ্খলাগত বা বৈষম্যপূর্ণ ব্যবস্থা গ্রহণ বেনেটন গ্রুপ বরদাশ্ত করবে না।

৬) শ্রমিকদের সঙ্গে চুক্তি

বেনেটন গ্রুপ ব্যবসায়িক অংশীদারদের শ্রমিকরা তাদের চাকুরির মেয়াদ ও শর্তাবলী উল্লেখ করে স্থানীয় ভাষায় লেখা নিয়েগপত্র পাওয়ার অধিকার রাখে।

বেনেটন গ্রুপ ব্যবসায়িক অংশীদারদের প্রত্যেক শ্রমিক যাতে তার সকল অইনানুগ অধিকার সম্পর্কে জ্ঞাত ও সচেতন থাকে, সেটা নিশ্চিত করা তাঁদের দায়িত্বের মধ্যে পড়বে।

৭) শ্রমঘন্টা

বেনেটন গ্রুপ ব্যবসায়িক অংশীদাররা সকল প্রয়োগযোগ্য আইন বা প্রশ্নের সম্মুখীন খাতে সম্পাদিত কোনো সম্মিলিত দরকষাকষি চুক্তি, যদি সেটাতে সংশ্লিষ্ট শ্রমিকরা অধিক সুরক্ষা পাবে বলে মনে হয়, তবে তাও মেনে চলবেন। প্রচলিত আইন অনুযায়ী স্বাভাবিক কর্মসপ্তাহ নির্ধারিত হবে, এবং নিয়মিত ভিত্তিতে তা কখনো ৪৮ ঘন্টার বেশি হবে না। শ্রমিকদেরকে প্রতি সাতদিন সময়ের মধ্যে কমপক্ষে একদিন কর্মবিরতি দিতে হবে।

অতিরিক্ত সময়ে কাজ (ওভারটাইম) করাটা সবসময় অবশ্যই স্বেচ্ছামূলক হতে হবে, এবং এ-জন্যে আইন অনুযায়ী বাড়তি মজুরি বা ক্ষতিপূরণ দিতে হবে। প্রচলিত আইনে সেরকম কোনো সময়সীমা উল্লিখিত না-থাকলে, সে-ক্ষেত্রে তা যেন সপ্তাহে ১২ ঘন্টার বেশি না-হয়।

৮) পারিশ্রমিক

নির্ধারিত একটি মানের কর্মসময়ের জন্যে বেনেটন গ্রুপ ব্যবসায়িক অংশীদারদের প্রদত্ত বেতন বা মজুরি যাতে সংবিধিসম্মত ন্যূনতম মূল বেতন হিসেবে প্রচলিত শিল্প মজুরি বা সম্মিলিত দরকষাকষি চুক্তিগুলোর সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হয়, বেনেটন গ্রুপ ব্যবসায়িক অংশীদারদেরকে সেটা নিশ্চিত করতে হবে। প্রদত্ত মজুরি যেন অন্ততপক্ষে শ্রমিকদের ও তাদের পরিবার-পরিজনের মৌলিক চাহিদাগুলো এবং অন্যান্য যুক্তিসঙ্গত বাড়তি প্রয়োজনগুলো মেটাতে পারে। মজুরি বা বেতন নিয়মিতভাবে ও যথাসময়ে দিতে হবে, এবং বেতনের অংক বা পরিমাণ সংশ্লিষ্ট মজুরের অভিজ্ঞতা, যোগ্যতা ও তার করা কাজের মান ও পরিমাণের অনুপাতে হতে হবে।

অন্যান্য সকল আইনসম্মত ভাতা ও ক্ষতিপূরণাদিও দিতে হবে।

অন্যায্যভাবে কোনো বেতন কাটা যাবে না, এবং প্রাপ্য বেতন কীভাবে হিসাব করা হয়েছে, তার একটা লিখিত অনুলিপি পাওয়ার অধিকার সংশ্লিষ্ট শ্রমিকের থাকবে।

শ্রমিকদেরকে আইনগতভাবে তাদের প্রাপ্য বার্ষিক ছুটি, মাতৃত্বকালীন/পিতৃত্ব ছুটি, অসুস্থতা ছুটিসহ সকল সবেতন ছুটি মঞ্জুর করতে হবে, এবং এ-বাবদে তাদের সকল পাওনা সঠিকবাবে পরিশোধ করতে হবে।

৯) অভিবাসী শ্রমিকদের অধিকার

স্থানীয় শ্রমিকরা যেরকম বেতন-ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা পায়, অভিবাসী শ্রমিকদেরকেও ঠিক সেরকমটাই দিতে হবে। অভিবাসী শ্রমিক নিয়োগের সঙ্গে সম্পর্কিত অন্যান্য কমিশন, ফী ইত্যাদিও নিয়োগকারীকে পরিশোধ করতে হবে।

নিয়োগকারী তাঁর কোনো শ্রমিকের পরিচয়জ্ঞাপক কাগজপত্র দেখতে চাইলে দেখতে পারেন, কিন্তু সেগুলো তিনি রেখে দিতে পারবেন না। মনগড়া বা ইচ্ছামত অংকের মজুরি প্রদান করা বা নিয়োগকৃত শ্রমিকের কাছ থেকে কোনো অর্থ জামানত রাখা যাবে না।

১০. স্বাস্থ্য ও নিরাপত্তা

আমরা চাই বেনেটন গ্রুপের সকল ব্যবসায়িক অংশীদার যেন তাঁদের শ্রমিকদের নিরাপত্তার দিকটিকে সবসময় অগ্রাধিকার ভিত্তিতে দেখেন।

UNITED COLORS OF BENETTON.

বেনেটন গ্রুপ ব্যবসায়িক অংশীদাররা একটি স্বাস্থ্যকর কর্মপরিবেশ নিশ্চিত করবেন, যেখানে অবশ্যই বিশুদ্ধ পানীয় জল ও শৌচকর্মের যুক্তিসঙ্গত ন্যূনতম ব্যবস্থা ও পর্যাপ্ত আলো-হাওয়া থাকবে।

বেনেটন গ্রুপ ব্যবসায়িক অংশীদাররা তাঁদের শ্রমিকদের জন্যে যে-কর্মস্থলের বা কর্মপরিবেশের ব্যবস্থা করবেন, সেখানে কোনো দুর্ঘটনা এবং শ্রমিকদের জন্যে বিপজ্জনক বা স্বাস্থ্যহানিকর সবকিছু ঠেকানোর জন্যে পর্যাপ্ত ব্যবস্থা রাখতে হবে।

বেনেটন গ্রুপ ব্যবসায়িক অংশীদাররা তাঁদের শ্রমিকদের কর্মস্থল হিসেবে যে-ভবন বা প্রাঙ্গণ বরাদ্দ করবেন, তা যেন উৎপাদনমূলক কর্মকাণ্ড চালানোর জন্যে যথার্থ ও উপযোগী হয়, সেটাকে ব্যবহারের দিকটি যেন প্রয়োগযোগ্য স্থানীয় আইন ও সংবিধির সঙ্গে এবং স্থানীয় নির্মাণ সংবিধিসম্মত আইনানুগ ব্যবস্থাগুলোর সঙ্গে সঙ্গতিপূর্ণ **হয়**।

বেনেটন গ্রুপ ব্যবসায়িক অংশীদাররা প্রয়োগযোগ্য আইন ও শিল্পমান অনুযায়ী তাঁদের শ্রমিকদের জন্যে নিরাপত্তা সরঞ্জামের ব্যবস্থা করবেন, এবং প্রয়োজনীয় ব্যক্তিগত নিরাপত্তা সরঞ্জাম (চোখ বাঁচানোর ব্যবস্থা,কান বাঁচানোর ব্যবস্থা, শ্বাস নেয়ার মুখোশ, মুখের সামনে ব্যবহার্য ঢাল বা শিল্ড, দস্তানা, অ্যাপ্রন, পা বাঁচানোর ব্যবস্থা) ব্যবহার না-করার স্বাস্থ্যগত ও নিরাপত্তাগত ঝুঁকি সম্পর্কে তাদেরকে অবহিত ও সচেতন করে তুলবেন।

বেনেটন গ্রুপ ব্যবসায়িক অংশীদাররাসম্ভাব্য বিপজ্জনক বা ঝুঁকিপূর্ণ কাজে নিয়োজিত শ্রমিকদের জন্যে সঠিক ও যথোপযুক্ত ব্যক্তিগত নিরাপত্তা সরঞ্জাম ও পোশাকের ব্যবস্থা করবেন, এবং দেখবেন যে, কাজের সময় তারা যেন তা ব্যবহার করে।

কোনো ঝুঁকিপূর্ণ বা ত্রুটিপূর্ণ সরঞ্জাম ব্যবহার করা যাবে না।

ভবনের সকল তলায় সুচিহ্নিত, ভালোভাবে আলোকিত, এবং ভবনের বাইরে বেরিয়ে যাওয়ার জন্যে সম্পূর্ণ বাধাহীন জরুরিকালীন নির্গমণ পথ রাখতে হবে।

জরুরিকালীন নির্গমণ পথ দিয়ে বেরিয়ে যাওয়ার কাজটি যেন কর্মঘন্টা চলাকালে সবসময়ই সম্ভব হয়। আগুন লাগা বা অন্যান্য বিপদাপদের সময় কী করণীয়, সে-ব্যাপারে ওই ভবনে বা প্রাঙ্গণে কর্মরত প্রত্যেককে নিয়মিত প্রশিক্ষণ দিতে হবে।

কর্মঘন্টা চলাকালে যথোপযুক্ত প্রাথমিক চিকিৎসার ওষুধপত্র ও সরঞ্জামাদি হাতের কাছে রাখতে হবে, এবং যেখানে আইনগত বাধ্যবাধকতা আছে, সেখানে একজন ডাক্তার বা নার্সও উপস্থিত থাকবেন।

১১) আবাসন শর্তাবলী

যদি কোনো বেনেটন গ্রুপ ব্যবসায়িক অংশীদার তাঁর শ্রমিকদেরকে আবাসন সুবিধা দেন, তবে সেখানেও কর্মস্থলের অনুরূপ নিরাপত্তা ব্যবস্থা রাখতে হবে।

আবাসন ব্যবস্থা অবশ্যই কর্মস্থল থেকে পৃথক হতে হবে।

শ্রমিকদের অবসর সময়ে তাদের বাসস্থল থেকে বাইরে বেরুনোর অধিকার ক্ষুণ্ন হতে পারে এমন কোনো শর্ত বা বিধিনিষেধ আরোপ করা যাবে না।

১২) ঝুঁকি নির্ধারণ

কর্মস্থলের সম্ভাব্য বিপদ বা ঝুঁকিগুলো চিহ্নিত করার জন্যে বেনেটন গ্রুপ ব্যবসায়িক অংশীদারদের একটা সুনির্দিষ্ট পদ্ধতি থাকতে হবে।

সম্ভাব্য জরুরিকালীন পরিস্থিতি বা ঘটনা অনুমান ও চিহ্নিত করতে হবে, এবং জরুরিকালীন পরিকল্পনা ও মোকাবেলা পদ্ধতি প্রয়োগ করে তজ্জনিত ক্ষয়ক্ষতি ন্যূনতম করে আনতে হবে।

এ ছাড়া, বেনেটন গ্রুপ ব্যবসায়িক অংশীদারদের উৎপাদন কর্মকাণ্ড স্থানীয় সম্প্রদায়ের ওপর সামাজিক ও পরিবেশগতভাবে কতটা প্রভাব ফেলছে, তা পরীক্ষা করে দেখার জন্যে তাঁদেরকে বিভিন্ন পদ্ধতি অবলম্বন করতে হবে।

১৩) জাতীয় আইন প্রণয়ন, সম্মেলন ও চুক্তির উল্লেখ

এই আচরণবিধিতে উল্লিখিত ব্যবস্থাসমূহে শুধুমাত্র ন্যূনতম মানই প্রকাশ করা হয়েছে।

এই আচরণবিধিতে সকল 'প্রয়োগযোগ্য আইন ও সংবিধি'র উল্লেখের অন্তর্ভুক্ত হিসেবে থাকছে জাতীয় ও স্থানীয় বিধি, ধারা ও সংবিধিসমূহ তথা প্রয়োগযোগ্য চুক্তিসমূহ ও ঐচ্ছিক শিল্পমানসমূহ।

এই বিষয়টি যদি জাতীয় সংবিধান বা অন্য কোনো প্রয়োগযোগ্য আইন বা অন্য কোনো গৃহীত বা প্রয়োগযোগ্য অঙ্গীকারের আওতাধীন হয়, তবে যে-ব্যবস্থাটি শ্রমিকদেরকে অধিকতর সুরক্ষা ও নিরাপত্তা দেবে, সেটিই প্রয়োগ করা হবে।

খ. পরিবেশ রক্ষা

১) সাধারণ ব্যবস্থাসমূহ

মানুষের সুস্বাস্থ্য নিশ্চিত করার জন্যে একটি স্বাস্থ্যকর পরিবেশ অপরিহার্য। বেনেটন গ্রুপ ব্যবসায়িক অংশীদাররা প্রয়োগযোগ্য সকল পরিবেশ আইন ও সংবিধি বাস্তবায়ন করবেন।

বেনেটন গ্রুপ ব্যবসায়িক অংশীদাররা তাঁদের সকল কর্মকাণ্ডে পরিবেশগত বাধ্যবাধকতার একটি সাধারণ পদ্ধতি হিসেবে একটি প্রাক্সতর্কতা নীতি অনুসরণ করবেন। সকল কর্মকাণ্ডের সাধারণ লক্ষ্য হতে হবে বিপজ্জনক বস্তু নিঃসরণ ২০২০ সালের মধ্যে শূন্য মাত্রায় নামিয়ে আনা সহ বিভিন্ন প্রাক্সতর্কতা নীতি অবলম্বনের মাধ্যমে পরিবেশের ওপর বিরূপ প্রভাব প্রতিহত করা।

বেনেটন গ্রুপ ব্যবসায়িক অংশীদারদের প্রতিষ্ঠানের কর্মকাণ্ডের জন্যে তাঁদের অবশ্যই পরিবেশগত অনুমতিপত্র ও লাইসেন্স থাকতে হবে।

এধরনের অনুমতিপত্র বা পারমিটের লক্ষ্য হবে মাটি, পানি ও বায়ু দূষণ প্রতিহত করা, এবং সেইসঙ্গে থাকতে হবে বেনেটন গ্রুপ ব্যবসায়িক অংশীদারদের যথোপযুক্ত বাস্তবায়ন পদ্ধতিও।

২) রাসায়নিক ও বিপজ্জনক বস্তু ব্যবস্থাপনা
রাসায়নিক সামগ্রী ব্যবহার করতে হবে বেনেটন গ্রুপের 'টেকনিক্যাল সেফটি স্পেসিফিকেশনস' দলিলের সঙ্গে সঙ্গতি রেখে, যেটা উৎপাদনের ধরনেরর সাপেক্ষে বিভিন্ন সময়ে বলবৎ করা হয়েছে। আমরা বিশেষভাবে চাই, বেনেটন গ্রুপ ব্যবসায়িক অংশীদাররা জুন ২০১৩ থেকে এপিইও (APEO) বা ফ্রী কেমিক্যাল ফর্মুলেশন ব্যবহার করেন, এবং ডিসেম্বর ২০১৫'র মধ্যেই পিএফসি নির্মূল করবেন।

রাসায়নিক বহনের কন্টেইনারের গায়ে ঠিকমত লেবেল লাগাতে হবে এবং নিরাপদভাবে সংরক্ষণ করতে হবে। একটি সামগ্রী নিরাপত্তা উপাত্ত বা ম্যাটেরিয়াল সেফটি ডাটা স্থানীয় ভাষায় লিখে তৈরি রাখতে হবে, এবং তাতে অবশ্যই একটি নির্দেশনাও থাকবে।

৩) বর্জ্য ব্যবস্থাপনা
যেকোনো বর্জ্য, বিশেষ করে বিপজ্জনক বর্জ্যগুলোর ব্যবস্থাপনায় প্রাসঙ্গিক আইন ও সংবিধিগুলোর মধ্যে কঠোরতরগুলো অনুসরণ করতে হবে।

সকল প্রকার নিঃসরণ ব্যবস্থাপনাও করতে হবে প্রাসঙ্গিক আইন ও সংবিধির মধ্যে কঠোরতরগুলো অনুসারে, সঠিক ও স্বচ্ছ উপায়ে।

গ. স্বচ্ছতা

১) স্বচ্ছতা ও সহযোগিতা
বেনেটন গ্রুপ চায়, বেনেটন গ্রুপ ব্যবসায়িক অংশীদাররা এই আচরণবিধির প্রতি সম্মান প্রদর্শন করবেন। বেনেটন গ্রুপ এও আশা করে যে, বেনেটন গ্রুপ ব্যবসায়িক অংশীদাররা তাঁদের কর্মকাণ্ড সম্পর্কে অবহিত করার ক্ষেত্রে স্বচ্ছতা অবলম্বন করবেন। বেনেটন গ্রুপ সহযোগিতায় বিশ্বাস করে, এবং একটা টেকসই সামাজিক সমাধান অর্জন করার ও যেসব বেনেটন গ্রুপ ব্যবসায়িক অংশীদার এই আচরণবিধি মেনে চলছেন, তাঁদেরকে প্রমোট করার জন্যে কাজ করে যেতে চায়।

২) এই আচরণবিধিতে উল্লিখিত বিষয়গুলো শ্রমিকদেরকে ঠিকমত জানিয়ে দেয়ার জন্যে, এবং সেইসঙ্গে স্থানীয় ভাষায় লেখা এটার একটা অনুলিপি যাতে শ্রমিকরা যখন চাইবে তখনই হাতের কাছে পায় সেভাবে রাখার জন্যে বেনেটন গ্রুপ ব্যবসায়িক অংশীদাররা প্রয়োজনীয় পদক্ষেপ নেবেন।

UNITED COLORS OF BENETTON.

ঘ. সরবরাহ শৃঙ্খল ও বাধ্যবাধকতা

১. সরবরাহ শৃঙ্খল

বেনেটন গ্রুপ ব্যবসায়িক অংশীদাররা বেনেটন গ্রুপের কোনো পণ্য বা তার অংশবিশেষের শিল্পোৎপাদনের জন্যে বেনেটন গ্রুপের পূর্বানুমতি ব্যতিরেকে কোনো উপ-ঠিকাদার বা সাব-কন্ট্রাক্টর নিয়োগ করতে পারবেন না।

বেনেটন গ্রুপ ব্যবসায়িক অংশীদারদেরকে এটা নিশ্চিত করতে হবে যে, তাঁদের উপ-ঠিকাদাররা যেন এই আচরণবিধি মেনে চলেন, এবং এটার একটা অনুলিপিতে স্বাক্ষর করেন।

বেনেটেন গ্রুপের অনুরোধক্রমে, বেনেটন গ্রুপ ব্যবসায়িক অংশীদাররা বেনেটন গ্রুপ ও তার অনুমোদিত এজেন্টদেরকে (তৃতীয় পক্ষসহ) অবাধে বেনেটন গ্রুপ ব্যবসায়িক অংশীদারদের ও তাদের উপ-ঠিকাদারদের কর্মস্থলে যাওয়ার এবং/অথবা এই আচরণবিধি অনুযায়ী সব কাজকর্ম হচ্ছে কিনা তার সাক্ষ্য-প্রমাণাদি যাচাই করে দেখার সুযোগ দেবেন।

বেনেটন গ্রুপ ব্যবসায়িক অংশীদারদেরকে তাদের প্রতিটি পণ্য তাদের উপ-ঠিকাদারদের প্রতিষ্ঠানে বা অন্য কোথায় করা হচ্ছে, সে-ব্যাপারে সবসময় বেনেটন গ্রুপকে অবহিত করে যেতে হবে।

অডিটিং-এর জন্যে সব প্রাসঙ্গিক কাগজপত্র তৈরি রাখতে হবে।

আমরা চাই, এই আচরণবিধি আপনি বুঝেছেন এবং মেনে নিচ্ছেন, এটা নিশ্চিত করার জন্যে আপনি নিম্নলিখিত অঙ্গীকারে স্বাক্ষর করবেন।

এ-অঙ্গীকার পালনে আপনার ব্যর্থতা, বেনেটন গ্রুপের সঙ্গে আপনার সম্পর্কের অবসান ঘটাতে পারে, এবং আপনাকে আরো ক্ষতিপূরণের দাবির মুখে দাঁড় করিয়ে দিতে পারে।

UNITED COLORS OF BENETTON.

**অঙ্গীকার**

আমরা এতদ্বারা এই আচরণবিধি গ্রহণ করছি এবং সম্পূর্ণ মেনে চলার অঙ্গীকার করছি।

আমরা এতদ্বারা অঙ্গীকার করছি যে, সকল বা অন্য যেকোনো প্রয়োগযোগ্য আইন, সংবিধান ও আন্তর্জাতিক চুক্তি আমরা মেনে চলবো।

আমরা এতদ্বারা অঙ্গীকার করছি যে, এ্ আচরণবিধির ব্যবস্থাসমূহ সকল শ্রমিক ও উপ-ঠিকাদারকে জানিয়ে ও বুঝিয়ে দেয়ার জন্যে যথোপযুক্ত পদক্ষেপ নেবো।

আমরা এতদ্বারা অঙ্গীকার করছি যে, আমাদের অনুমোদিত উপ-ঠিকাদাররাও যাতে এই আচরণবিধি মেনে চলেন এবং এ-মর্মে একটি অঙ্গীকারনামায় স্বাক্ষর করেন, তাও আমরা নিশ্চিত করবো।

বেনেটন গ্রুপ ব্যবসায়িক অংশীদার --------------------------------------------------

আইনগত প্রতিনিধির নাম --------------------------------------------------

আইনগত প্রতিনিধির পদবী --------------------------------------------------

স্থান ও তারিখ ------------------

সিল ও স্বক্ষর